আনন্দিত থাকুন এবং আল্লাহ তায়ালা সম্পর্কে উত্তম ধারণা রাখুন। ঐ রব যিনি আপনাকে “ইয়া আল্লাহ আপনি ছাড়া আমাদের আর কেউ নেই” এটা বলার তাওফিক এবং হেদায়েত দান করেছেন। তিনি আপনাকে না কখনো একা ছেড়ে দিবেন এবং না তিনি কোন প্রতিদান নষ্ট করবেন। আল্লাহ তায়ালার মেহেরবানী যে তিনি আপনাকে মুজাহিদগণের সন্তানদের সহযোগিতায় রেখেছেন। আর এই মুজাহিদগণই আপনার সন্তান এবং মুহাফিজ। আল্লাহ তায়ালার পর এসকল মুজাহিদগণই আপনার হেফাজতকারী এবং পাশে দাড়ানো ব্যক্তি। সুতরাং তাদের সহযোগিতা করুন, তাদেরকে আশ্রয় দিন এবং তাদের জন্য নিজেদের অন্তরকে খোলা রাখুন। আর তাদের বিরুদ্ধে কোন মুনাফিক এবং চাটুকারের কথা বিশ্বাস করবেন না। সেই সত্ত্বার উপর ভরসা করুন যিনি চিরঞ্জীব। এসকল মুজাহিদীনরা ঐ ফরজ আদায় করছেন যা আমাদের সকলের দায়িত্ব - আমাদের সকলের জন্য ফরজ। এটা আল্লাহর রাহে জিহাদের ফরজিয়্যাহ। এটা ইয়াহুদি খৃষ্টান, আরব অনারব সকল তাগুতদের বিরুদ্ধে প্রতিরোধের ফরজিয়্যাহ।

সুতরাং আমাদের উপর এসকল মুজাহিদিনদের

সাহায্য-সহযোগিতা করা ফরজ। আমাদের জন্য আবশ্যক হল আমরা যেন তাদের সমর্থন দেই, তাদের জন্য আল্লাহ তায়ালার কাছে দুয়া করি, তাদের ত্রুটিগুলোকে ক্ষমার দৃষ্টিতে দেখি, তাদেরকে নাসিহাহ দেই অর্থাৎ সর্বপ্রকার সহযোগিতা করি।

এখানে আমরা প্রিয় ভূমি শামে নিয়োজিত আমাদের ভাইদের প্রতি তিনটি বার্তা পেশ করব ইনশা আল্লাহ।

আল্লাহর শপথ আমরা আপনাদের কষ্টকে লাঘব করতে চাই। যদি এই পেরেশানিকে কম করতে না পারি তাহলে অন্তত এ পেরেশানিতে আমরা আপনাদের সাথে অংশগ্রহণ করতে চাই। আল্লাহ তায়ালার কাছে দুয়া করি, যেন আমাদের এ কথাগুলো আপনাদের জন্য কষ্ট লাঘবকারী ও উপকারী হয় এবং আপনাদের জন্য যেন ক্ষতির কারণ না হয়।

## মুজাহিদ সিপাহীর নামে বার্তা।

মুজাহিদ ভাইদের প্রতি আমাদের প্রথম বার্তা,
নিঃসন্দেহে ইসলামে মুজাহিদীনদের সম্মান অনেক ঊর্ধ্বে।

## হে ভাইগণ!

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল নিয়ত। প্রত্যেকেই নিজেদের নিয়তকে আল্লাহ তায়ালার জন্য খালেস করে নিন। পরীক্ষা এবং বিভিন্ন বিপদ-আপদ যেন তোমাদের নিয়তকে বিনষ্ট করে না দেয়। এমন যেন না হয় যে, তোমাদের কিত্বাল কোন দল বা ব্যক্তি কেন্দ্রীক হয়ে যায়। বরং নিজেদের জিহাদ হবে শুধুমাত্র আল্লাহ তায়ালার দ্বীনকে উঁচু করার জন্য।

## হে সিংহের জাতি

তোমরা উত্তম কাজে নিজেদের আমিরদের কথা শুনতে এবং মানতে থাক। চাই তাদের কথা তোমাদের কাছে ভাল লাগুক বা খারাপ লাগুক। যদি তোমার কাছে আমিরের কথা পছন্দ না হয়, তারপরও তুমি আমল করবে। কারণ এটাতো জরুরি নয় যে আমিরের অভিমত তোমার অভিমতের অনুরুপ হতে হবে। এমনটা যেন না হয় যে, তোমার অভিমত অনুযায়ী না হলে আমল করবে না। আমিরের আদেশ যদি শরিয়তের সীমারেখার মধ্যে হয় তাহলে মামুরের (অধীনস্ত) যদি পছন্দ নাও হয় তারপরও আমল করা ওয়জিব।

## হে আমার ভাই!

তুমি ঐ সমস্ত মামুরদের মত হয়ে যেও না - যারা তাদের আমিরকে কথা দিয়ে নয় বরং অবস্থা দ্বারা বুঝাতে চায় যে, আপনি আমাদের আমির ঠিক আছে - তবে আপনাকে আমাদের কথাও শুনতে হবে এবং মানতে হবে। এমন যেন না হয় যে, আমিরের যে সমস্ত আদেশসমূহ ভাল না লাগে তা আমল করতে অলসতা করবে এবং তা বাস্তবায়ন করতে বিলম্ব করবে। যদি এমনটা কর তাহলে জেনে রেখ - আল্লাহর শপথ!! এটা একটি ধ্বংসাত্মক ব্যাধি।

## হে আমার মুজাহিদ ভাই!

এমন যেন না হয় যে, তোমাদের আমির যদি তোমাদের সামনে কোন কাজ উপস্থাপন করতে চায় তাহলে এক লম্বা ভূমিকা পেশ করতে বাধ্য হয়। তিনি বাধ্য হয়েছেন তোমাদেরকে এর কারণ এবং হেকমত বুঝাতে, অন্যথায় তোমরা এর উপর আমল করবেনা। আল্লাহর শপথ!! যদি এমনটি হয়ে থাকে তাহলে অবশ্যই এটি অত্যন্ত বড় জুলুম এবং সত্যকে না চেনার মত হবে। স্মরণ রেখ - কখনো হয়তো আমির তোমাদের সবকিছু বিস্তারিত বলতে অক্ষম থাকে। কিছু বিষয় থাকে যা শুধু বিশেষ বিশেষ ব্যক্তিদেরকে বলার মত হয়ে থাকে। আবার কিছু বিষয় তো বিশেষদের মধ্যেও বিশেষদেরকে বলার মত হয়। হতে পারে তোমার আমির কখনো এমন একটি সিদ্ধান্ত করল যা বোধগম্য নয়(জায়েয তবে অনুত্তম)। তোমার নিকট হয়তো অন্য কোন সিদ্ধান্ত উত্তম মনে হবে। কিন্তু আমিরের এ ব্যাপারে অক্ষমতা রয়েছে যে, তিনি তোমাকে বলতে পারছেন না কেন তিনি এ অনুত্তমের উপর আমল করছেন। যদি তিনি এটা প্রকাশ করেন তাহলে ক্ষতি হতে পারে। একারণে তুমি শুধু নির্দেশসমূহের উপর আমল করে যাও, যদিও তা তোমার কৌশলের সাথে না মিলে। মুয়াজ ইবনে জাবাল রাদিয়াল্লাহু আনহুকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে কথা বলেছিলেন সে কথা স্বরণ কর। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন –

“হে মুয়াজ! তুমি কি জান বান্দার উপর আল্লাহর কি হক আর আল্লাহর উপর বান্দার কি হক রয়েছে”? মুয়াজ রাদিয়াল্লাহু আনহু বললেন, “আল্লাহ এবং তার রাসূলই ভালো জানেন”। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করলেন, “বান্দার উপর আল্লাহর হক হল যে, বান্দা আল্লাহ তায়ালার ইবাদত করবে এবং এ ইবাদতে কাউকে শরিক করবেনা। আর আল্লাহর উপর বান্দার হক হল, সে (ব্যক্তি) আল্লাহ তায়ালার সাথে কাউকে শরিক করবেনা - তাই আল্লাহ তায়ালাও তাকে শাস্তি দিবেননা।” মুয়াজ রাদিয়াল্লাহু আনহু বললেন, “ইয়া রাসূলুল্লাহ! আমি কি লোকদেরকে এ সুসংবাদ দিব না”? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করলেন, “না বলবে না। কারণ লোকেরা আমল থেকে বিরত হয়ে যাবে।”

সুতরাং বুঝা গেল সকল বিষয়ের ইলম অন্যদেরকে জানানো জরুরি নয়। হুকুমের দিক থেকে জায়েয প্রত্যেক এমন কাজ

করাও জরুরি না। (এমন অনেক কাজ রয়েছে যা মূলত জায়েয, কিন্তু তা করার দ্বারা অনেক বিশৃঙ্খলা সৃষ্টি হয়। যার ফলে তা নাজায়েযের পর্যায়ে চলে যায়।)

### হে আমার সম্মানিত ভাইয়েরা –

জেনে নাও - তোমার আমির সকলের আমির। সকলে তার কাছে একত্রিত হয়, তার কাঁধে সকলের দায়িত্ব। সে সকলের ব্যাপারে চিন্তা করে। সুতরাং নিজ আমিরের সহযোগিতা কর। অনেক সময় পরিবেশ পরিস্থিতি আমিরকে এমন অবস্থায় পৌঁছে দেয় যে – তাকে(আমিরকে) প্রত্যেকটি পদক্ষেপ এবং ফয়সালার পূর্বে দশ বার চিন্তা করতে হয় যে - তার অমুক সাথীর অন্তরে এই সিদ্ধান্তের কি প্রভাব পড়বে অথবা এর দ্বারা তার দ্বীন ও আখলাকে কোন প্রভাব পরবে কিনা? অথবা এ সিদ্ধান্ত সে মেনে নিবে কিনা? আমিরের জন্য এমন পরিবেশ ও পরিস্থিতি তৈরি করা বা যারা তৈরি করে তাদের সহযোগী হওয়া থেকে বেঁচে থাক।

নিজ অনুভূতি এবং বদ মেজাজকে পায়ের নিচে দলিত করে রাখ। আমিরের কথা এবং আদেশ তোমার মাথার মুকুটতুল্য। স্মরণ রেখ, (জামাত ও জিহাদে) সে মাথাতুল্য আর তুমি একটি দেহের ন্যায় (অর্থাৎ দেহ যেমন মাথা ব্যতীত চলতে পারেনা তেমনি মাথাও দেহ ব্যতীত হতে পারেনা। মাথার কাজ এক ধরণের আর দেহের কাজ অন্য)। তোমার জন্য আমিরের ইচ্ছা এবং পছন্দকে গ্রহণ করা চাই। আমির থেকে বেশি (বোঝা উঠানোর মত) দলের মধ্যে আর কে আছে?

তিনিই তো বিচারক এবং আলেমদেরকে দেখেন। তার কাছেই সৈন্যদের এবং আমানত সমূহের নিরাপত্তার বিভিন্ন বিষয়কে নিয়ে যাওয়া হয়। সকল বিষয়ের দরজাও তিনি এবং সেগুলো পরিচলানার দায়িত্বও তার। এরকম দুর্ভাগা হওয়া থেকে বেঁচে থাক - যাদের কাজই হল ব্যক্তি এবং দলের মাঝে শুধু দোষ-ত্রুটি খুঁজে বেড়ানো। এমন ব্যক্তিদেরকে নসিহাহ দাও। যদি নসিহাহ গ্রহণ না করে তাহলে বুঝতে হবে - এ দেহে অনেক রোগ রয়েছে। এমন রোগাক্রান্ত অন্তর থেকে দূরে সরে যাও।

দোষারোপকারী এবং চোগলখোর থেকে নিজেকে দূরে রাখ এবং তাকে আল্লাহর এ বানী স্মরণ করিয়ে দাও -

وَيْلٌ لِكُلِّ هُمَزَةٍ لُمَزَةٍ

অর্থঃ ধ্বংস প্রত্যেকের, যে সামনে ও পিছনে মানুষের নিন্দা করে। (সূরা হুমাযাহ - ১)

সেসকল বিষয় নিয়ে মাথা ঘামায়ো না - যে বিষয়ের বুঝ তোমার নেই। আমিরদের নিজ কাজ রয়েছে আর তোমাদেরও নিজস্ব কাজ রয়েছে। আল্লাহ তায়ালার নিকট শুকরিয়া আদায় কর যে - আল্লাহ তায়ালা তোমাকে এ বোঝা থেকে দূরে রেখেছেন, যে বোঝা আমীরদের কাঁধে রয়েছে। চোগলখোরদের কথায় কান দিয়ো না। তাদের প্রতি তোমাদের থেকে কল্যাণকামীতা, নসিহাহ এবং সংশোধনের আগ্রহ থাকা চাই।

### হে মুজাহিদ সৈনিক ভাইগণ!

যদি তুমি দেখ যে - তোমার আমির সাধারণ মুসলমানদের উপকারের জন্য তার নিজ ও তোমাদের হক কে ছেড়ে দিচ্ছে তাহলে তুমি তাকে সাহায্য কর। তার বন্ধু ও সহযোগী হয়ে যাও। তার প্রচেষ্টায় তুমি বরকতের কারণ হয়ে যাও। আর যদি এর বিপরীত দেখতে পাও যে, তোমার আমির অন্য কোন জিহাদি দলের সাথে পাল্লা দিচ্ছে বা তাদের সাথে হিংসা করছে, ছোট ছোট বিষয়ে হিসাব নিচ্ছে - তাহলে তাকে নসিহত কর এবং এ পদ্ধতির পরিণামের বিষয়ে তাকে ভয় দেখাও। যদি সে না মানে তাহলে তুমি নিজের পথে চলতে থাক এবং চেষ্টা করতে থাক যেন তুমি তোমার আমীরের কাছে উত্তম প্রমানিত হতে পার।

### হে মুজাহিদ ভাই!

কোন বিশেষ দলের তীর হয়োনা বরং ইসলামের তীরসমূহের মধ্য হতে একটি তীর হও(অর্থাৎ কোন দলের পক্ষ হয়ে লড়াই করোনা)। তুমি শুধু ইসলামের শত্রুদের বিপক্ষে লড়াই কর(নিজ জবান এবং অস্ত্র যেন কখনো অন্য কোন দলের জন্য ব্যবহার না হয়)। দুশমনদের তটস্থ রাখ এবং তাদের বিরুদ্ধেই লড়াই করতে থাক যতক্ষন না আল্লাহ তায়ালার ফয়সালায় তোমার মহা সফলতা আসে। আল্লাহ তায়ালার ইরশাদ করেছেন –

قُلْ هَلْ تَرَبَّصُونَ بِنَا إِلَّا إِحْدَى الْحُسْنَيَيْنِ وَنَحْنُ نَتَرَبَّصُ بِكُمْ أَنْ يُصِيبَكُمُ اللَّهُ بِعَذَابٍ مِنْ عِنْدِهِ أَوْ بِأَيْدِينَا فَتَرَبَّصُوا إِنَّا مَعَكُمْ مُتَرَبِّصُونَ

বলুন, তোমরা আমাদের দুইটি মঙ্গলের একটির প্রতীক্ষা করছ এবং আমরা প্রতীক্ষা করছি যে, আল্লাহ তায়ালা সরাসরি তোমাদেরকে শাস্তি দিবেন নিজ পক্ষ হতে অথবা আমাদের হাত দ্বারা। অতএব তোমরা প্রতীক্ষা কর আমরাও তোমাদের সাথে প্রতীক্ষা করছি। (সূরা তাওবা – ৫২)

### জিহাদি তানজিমের সম্মানিত আমিরদের প্রতি পয়গাম।

আমার দ্বিতীয় চিঠি জিহাদি তানজিমের আমিরদের প্রতি। এ চিঠি দলের সকল জিম্মাদার সাথীদের প্রতি (কেন্দ্রীয় আমিরগণ ব্যতীত)। এসমস্ত কথা আপনার এমন এক ভাইয়ের পক্ষ হতে - যে নিজেও আপনার মত এরকম পরীক্ষার মধ্য দিয়ে যাচ্ছে। আমার এসমস্ত কথার উদ্দেশ্য হল - এর মাধ্যমে

আপনাদের বোঝা কিছুটা হালকা করা এবং আপনাদেরকে সাহায্য করা। আল্লাহ তায়ালার প্রতি আশা রাখি এর ফলে তিনি আমার বোঝাও হালকা করে দিবেন এবং আমাকে সাহায্য করবেন। এ কথাগুলো লিখার জন্য আমি পরামর্শ এবং ইসতেখারা করেছি, অতঃপর আল্লাহ তায়ালার উপর ভরসা করেছি। এর দ্বারা আমার উদ্দেশ্য হল - সংশোধন এবং কল্যাণ। নিশ্চয় সংশোধন ও কল্যাণ একমাত্র আল্লাহ তায়ালার পক্ষ থেকে। তাই আল্লাহ তায়ালার উপরই আমি ভরসা করি এবং তাঁর দিকেই প্রত্যাবর্তন করি।

## হে আমার প্রিয় ভাইয়েরা!

আল্লাহ তায়ালা আপনাকে এই পথে দৃঢ় রাখুন, আপাদেরকে সহীহ পথে চলার তাওফিক দান করুন। আল্লাহ তায়ালা আমাদেরকে এবং আপনাদেরকে হেদায়েত দ্বারা ধন্য করুন এবং আমাদের সমস্ত কাজকে সংশোধন করে দিন। শত্রুদের বিরুদ্ধে হামলা এবং আক্রমণের উদ্দেশে ঐক্যের এমন চেষ্টার প্রতি আমার অন্তর থেকে কৃতজ্ঞতা জানাচ্ছি।
শত্রুদের বিরুদ্ধে এক কাতারবন্দী হয়ে যুদ্ধ করা একান্ত জরুরি। এক্ষেত্রে মতানৈক্য আমাদের দ্বীন ও দুনিয়াকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে। ঈমানের পর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল - আমাদের দ্বীন ও দুনিয়া বিনষ্টকারী শত্রুদেরকে প্রতিহত করা। আল্লাহ তায়ালা আপনাদেরকে সাহায্য করুন এবং তার দুশমনদের বিরুদ্ধে আমাদেরকে এক কাতারে দৃঢ়পদ করে দিন। আর এটাই আল্লাহ তায়ালার কাছে পছন্দনীয়।

إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُمْ بُنْيَانٌ مَرْصُوصٌ

অর্থ: নিশ্চই আল্লাহ তায়ালা ভালবাসেন যারা তার পথে সারিবদ্ধ হয়ে জিহাদ করে এমন ভাবে যেন তারা সীসাঢালা প্রাচীর ( সুরা সফ ৬১:৪ )

ধ্বংস তাদের জন্য - যারা আল্লাহর বান্দাদেরকে এক কাতারবন্দী হতে বাঁধা দেয়। যে একতা ও ঐক্যকে পছন্দ করেনা এবং যেকোন কারণে তার অন্তর এদিকে ধাবিত হয় না, আমি তাকে উদ্দেশ্য করে বলব - যদি আপনার দাওয়াত এবং জিহাদ আপনাকে ঐক্যবদ্ধ করতে না পারে, তাহলে অন্তত চলমান এ পেরেশানি এবং বিপদ-আপদ আপনাকে ঐক্যবদ্ধ করে দিবে। আর এটাতো স্পষ্ট যে, বিপদ-আপদ এবং মুসিবত মানুষদেরকে নিকটবর্তী করে দেয়। প্রতিরক্ষামূলক জিহাদের পথ অত্যন্ত প্রশস্ত। এটাকে নিজের জন্য এবং অন্যদের জন্য সঙ্কীর্ণ করবেন না। যদি আপনি আপনার ভাইদের মাঝে কোন প্রকার দুর্বলতা এবং অলসতা দেখেন তাহলে তাদের নিকটবর্তী হওয়ার মাঝেই তাদের জন্য সংশোধন এবং নসিহাহ রয়েছে। কেননা মানুষ তার বন্ধুর দ্বীন গ্রহণ করে। আশা করা যায় যে, আপনার এ নিকটবর্তীতার ফলে আল্লাহ তায়ালা তার সংশোধন করে দিবেন, এবং আপনার এ নৈকট্য তার শক্তিশালী হওয়া এবং সংশোধনের কারণ হবে।
আল্লাহ তায়ালার ইরশাদ,

هُوَ الَّذِي أَيَّدَكَ بِنَصْرِهِ وَبِالْمُؤْمِنِينَ

তিনি ঐ সত্বা যিনি আপনাকে তার সাহায্য এবং মুমিনদের দ্বারা শক্তিশালী করেছেন। (সূরা আনফাল - ৬২)

আপনি এমন হবেন না – যেমন আপনার ভাইকে সাহায্য করা থেকে হাত গুটিয়ে ফেললেন, ফলে সে আপনাকে ব্যতীত অন্যের কাছে সাহায্য পওয়ার আশায় হাত বাড়ায়। আপনারাই একে অপরের কল্যাণকামী হয়ে যান, একে অপরের সাহায্য করুন এবং পরামর্শ করুন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ইরশাদ,

এক মুমিন অপর মুমিনের জন্য ভবন তথা ইটের ন্যায় যে একে অপরকে শক্তিশালী করে।

এটা ইরশাদ করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজের (উভয় হাতের) আঙ্গুলসমূহকে একসাথে মিলিয়ে একটিকে অপরটির মাঝে প্রবেশ করিয়েছেন।

যদি কেউ আপনার থেকে দূরে চলে যায় তাহলে আপনি তার নিকটবর্তী হয়ে যান। তাকে নসিহত এবং উপদেশ দিন। এটা আপনার জন্য ওয়াজিব। আপনি সাথীদের প্রতি দয়া ও দরদ প্রদর্শন করুন।

## হে আমার প্রিয় ভাইগণ!

যদি আপনাদের মাঝে কোন সমস্যা হয় তাহলে আবশ্যক হল আপনারা প্রত্যেকেই নিজের উপর এর দায়ভার নিয়ে নিবেন, অন্যের উপর দায়ভার চাপিয়ে দিবেন না। আপনারা প্রত্যেকেই যখন দায়ভার গ্রহণ করবেন এবং নিজের ব্যাপারে অপরাধের স্বীকৃতি দিবেন, আল্লাহর শপথ! - তখন কল্যাণ ও বরকত আসবে এবং সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে। আমাদের মধ্যে একে অপর থেকে অধিক অক্ষমতা প্রকাশ এবং বিনয় অবলম্বন করা উচিত। কেননা মুমিনদের গুণই হল - একে অপরের প্রতি নরম আর কাফেরদের প্রতি কঠোর। আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّـهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّـهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَٰلِكَ فَضْلُ اللَّـهِ يُؤْتِيهِ مَن يَشَاءُ وَاللَّـهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿54﴾

হে মুমিনগণ, তোমাদের মধ্যে যে স্বীয় ধর্ম থেকে ফিরে যাবে, অচিরে আল্লাহ এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যাদেরকে তিনি

ভালবাসবেন এবং তারা তাঁকে ভালবাসবে। তারা মুসলমানদের প্রতি সদয় ও কাফিরদের প্রতি কঠোর ও তারা আল্লাহর পথে জিহাদ করবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবে না। এটি আল্লাহর অনুগ্রহ যাকে ইচ্ছা তিনি তাকে তা দান করেন। আর আল্লাহ প্রাচুর্যময়,মহাজ্ঞানী। (সূরা মায়েদা – ৫৪)

আল্লাহ তায়ালা আরো ইরশাদ করেন,

مُحَمَّدٌ رَّسُولُ اللَّـهِ ۚ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ ۖ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْتَغُونَ فَضْلًا مِّنَ اللَّـهِ وَرِضْوَانًا ۖ سِيمَاهُمْ فِي وُجُوهِهِم مِّنْ أَثَرِ السُّجُودِ ۚ ذَٰلِكَ مَثَلُهُمْ فِي التَّوْرَاةِ ۚ وَمَثَلُهُمْ فِي الْإِنجِيلِ كَزَرْعٍ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَىٰ عَلَىٰ سُوقِهِ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيظَ بِهِمُ الْكُفَّارَ ۗ وَعَدَ اللَّـهُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنْهُم مَّغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ﴿29﴾

মুহাম্মদ আল্লাহর রসূল এবং তাঁর সহচরগণ কাফেরদের প্রতি কঠোর, নিজেদের মধ্যে পরস্পর সহানুভূতিশীল। আল্লাহর অনুগ্রহ ও সন্তুষ্টি কামনায় আপনি তাদেরকে রুকু ও সেজদারত দেখবেন। তাদের মুখমন্ডলে রয়েছে সেজদার চিহ্ন। তওরাতে তাদের অবস্থা এরূপ এবং ইঞ্জিলে তাদের অবস্থা যেমন একটি চারা গাছ যা থেকে নির্গত হয় কিশলয়, অতঃপর তা শক্ত ও মজবুত হয় এবং শক্তভাবে কান্ডের উপর দাঁড়িয়ে আছে যা চাষীকে আনন্দ দেয়। যার দ্বারা তিনি কাফিরদেরকে ক্রোধান্বিত করেন। তাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে, আল্লাহ তাদেরকে ক্ষমা ও মহাপুরস্কারের ওয়াদা দিয়েছেন। (সূরা ফাতাহ – ২৯)

হে আমার প্রিয় ভাইগণ!

স্মরণ রেখ - দ্বীনি ভ্রাতৃত্ব এবং সম্পর্ক, দলগত সম্পর্ক থেকে অনেক বড় এবং গুরুত্বপূর্ণ। দ্বীনি সম্পর্ক আমাদের রব আমাদের মাঝে করে দিয়েছেন। যদি দলগত সম্পর্ক দ্বীনি সম্পর্ককে দৃঢ় না করে, তবে তা উপকারের স্থলে ক্ষতিকর হবে। পরবর্তীতে এ ভুল জাতিগত বিভেদে পরিণত হয় (যা দ্বীনের জন্য সর্বোচ্চ বিপদজনক)।

হে আমার ভাইগণ!

ঐ সমস্ত ব্যক্তিদের থেকে বেঁচে থাকুন - যারা আপনাদের মধ্যে ফেতনা-ফাসাদের আগুন প্রজ্জ্বলিত করে। এ ধরণের লোক সব জামাতেই থাকে। আসলে এরা দলের ময়লা- আবর্জনা। এধরণের ব্যক্তির দিকে খেয়াল রাখুন। প্রত্যেক জামাতের জন্য উচিত নিজেদেরকে এ ধরণের আবর্জনা থেকে পাক-পবিত্র করা।

স্মরণ রাখুন, যিনি আমাদের মাঝে ভ্রাতৃত্ব এবং মুহাব্বত পয়দা করার চেষ্টা করেছেন, সে আমাদের ভাই। আর যে আমাদের মাঝে মতানৈক্য এবং বিরোধিতার পালে হাওয়া দিয়েছে সে আমাদের দলভুক্ত নয়, বরং সে শত্রুর কাজ করেছে। প্রকৃতপক্ষে সে আমাদের মাঝে শত্রুতার জাল বিস্তার করছে। নিজেদের ওয়াদা এবং প্রতিশ্রুতিগুলো রক্ষা করো। বিভিন্ন সমস্যা ও অভ্যন্তরীণ চাপ যেন তোমাদেরকে ওয়াদা এবং প্রতিশ্রুতিগুলো ভাঙতে বাধ্য না করে।
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

المسلمونَ على شروطِهم إلَّا شرطًا حرَّم حلالًا أو أحلَّ حرامًا

মুসলমানগণ তাদের শর্ত পূরা করে থাকে। তবে যে শর্ত হারামকে হালাল করে অথবা হালালাকে হারাম করে। (তিরমিজী)

হে আমার ভাইগণ!

একে অপরকে ক্ষমা এবং মাফ করে দেয়ার উৎসাহ প্রদান - কল্যাণের দাওয়াত। সুতরা এই কল্যাণ থেকে নিজেকে কখনো বঞ্চিত করবেন না। একটি অথবা কিছু ঘটনার উপর ভিত্তি করে অন্যান্য দলের হিসাব নেয়া এবং শাস্তি দেওয়া - বিশৃংখলা এবং সময় নষ্ট হবার কারণ। আমরা প্রত্যেক হক্কদারের কাছে আশা করি যে, আপনাদের ভাই যদি আপনাদেরকে উত্তম পদ্ধতিতে হক্ক ফিরিয়ে না দেয় তাহলে এর কারণে অন্ততপক্ষে নিজের জিহাদ এবং প্রচেষ্টাকে বিনষ্ট করবেন না। মনে রাখুন, যে আল্লাহর জন্য কোন বস্তুকে ত্যাগ করে আল্লাহ তায়ালা তাকে এর থেকে উত্তম কিছু দান করবেন।

আমার ভাইগণ!

যে সমস্ত ব্যক্তি আপনার গোপন বিষয়কে স্যোসাল মিডিয়াতে প্রচার করে, তার থেকে সাবধান থাকুন। এমন ব্যক্তিকে নিজের সকল বিষয় সম্পর্কে বেখবর রাখা চাই। এদের জন্য সর্বনিম্ন শাস্তি হল - তার জন্য ফোনের ক্ষেত্রে পরিপূর্ণ নজরদারি থাকবে। তাকে প্রশ্নের সম্মুখীন করতে হবে এবং প্রয়োজনে শাস্তি দিতে হবে।

এমন ব্যক্তিদের প্রতি আমিরদের তুলনায় সৈনিকদের বেশি দৃষ্টি রাখা আবশ্যক। সৈনিকরা তাকে এধরণের কাজের ব্যাপারে নিষেধ করবে। যদি তার সাথে বোঝাপড়া ভালোভাবে ও পরিপূর্ণভাবে না হয় তবে একারণে আরো বেশি পবিত্র রক্ত প্রবাহিত হবে। তাই এই ব্যাপারে সতর্কতা কাম্য।

এমন ব্যক্তিকে প্রতিহত করতে হবে, যে আপনার অভ্যন্তরীণ বিষয়গুলোকে ইন্টারনেটের আলোচনার বিষয় বানায় এবং তাতে ইচ্ছামত পরিবর্তন করে। দুশমনরা এসকল ওয়েবসাইট নজরদারীতে রাখে। বরং বাস্তবতা হল নেটের এসকল

সাইটগুলোতে শয়তান নিজেই বড় আলেমের সূরতে উপস্থিত থাকে।

মানুষদের সাথে তাদের বাহ্যিক অবস্থা অনুযায়ী ব্যবহার করুন - যাতে সুধারনার আমল আপনার থেকে ছুটে না যায়। যদি কেউ কোন কারণে হতাশ হয়ে পরে – যদি সে বুঝতে পারে যে, সে দুর্বল হয়ে পড়েছে - যদি সে পিছনে পড়ে থাকে - তাহলে তাকে উঠিয়ে নিন এবং তার প্রতি ভাল ধারণা করুন। তার বাহ্যিক অবস্থার উপর বিবেচনা করে তার সাথে ব্যবহার করুন। যতক্ষণ সে অন্যদের হোচটদানকারী এবং বিশৃংখলা ছড়ানো ব্যক্তি হিসাবে প্রমাণিত হয় – ততক্ষন পর্যন্ত তার সাথে উত্তম ব্যবহার জারি রাখুন। যদি কেউ অন্যদের অর্জনগুলোকে পিছনে রাখতে চায়, তাদেরকে হতাশ করে রাখে, হোচট খাওয়ানোর চেষ্টা করে এবং বিশৃঙ্খলা ছড়াতে থাকে, তাহলে স্মরণ রাখুন সে হল গুজবরটনাকারী। আর গুজব রটনাকারীদের ব্যাপারে আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

لَئِن لَم يَنتَهِ المُنافِقونَ وَالَّذينَ في قُلوبِهِم مَرَضٌ وَالمُرجِفونَ فِي المَدينَةِ لَنُغرِيَنَّكَ بِهِم ثُمَّ لا يُجاوِرونَكَ فيها إِلّا قَليلًا 60 مَلعونينَ أَينَما ثُقِفوا أُخِذوا وَقُتِّلوا تَقتيلًا 61 سُنَّةَ اللَّهِ فِي الَّذينَ خَلَوا مِن قَبلُ وَلَن تَجِدَ لِسُنَّةِ اللَّهِ تَبديلًا 62۔

অর্থঃ মুনাফিক এবং যাদের অন্তরে ব্যাধি রয়েছে এবং যারা শহরে গুজব রটনা করে, তারা বিরত না হলে আমি নিশ্চই তাদের বিরুদ্ধে তোমাকে প্রবল করব; এরপর এ শহরে তোমার প্রতিবেশি রুপে তারা অল্প সময়ই থাকবে। অভিশপ্ত হয়ে; তাদেকে যেখানেই পওয়া যাবে সেখানেই ধরা হবে এবং নির্দয়ভাবে হত্যা করা হবে। পূর্বে যারা অতীত হয়ে গেছে তাদের ব্যাপারে ইহাই ছিল আল্লাহ তায়ালার রীতি। তুমি কখনো আল্লাহর রীতিতে পরিবর্তন পাবেনা। ( সুরা আহযাব ৩৩:৬০-৬২)

সুতরাং লোকদের সাথে তাদের বাহ্যিক অবস্থা অনুযায়ী ব্যবহার করা জরুরি এবং উত্তম ধারনা করাও আবশ্যক। এমতাবস্তায় যদি স্পষ্ট হয়ে যায় যে, কোন ব্যক্তি মুজাহিদদের মাঝে ঘৃণার বীজ বপন করছে তাহলে তার ক্ষেত্রে শরয়ী হুকুম জেনে নিন(অর্থাৎ তার সাথে শরিয়তের সীমায় থেকে কঠোরতা অবলম্বন করা হবে)। এমন ব্যক্তি সম্পর্কে শুধু এতটুকুই বলা যথেষ্ট নয় যে, ‘এরা এরকম ভাল কাজের জন্য উপযুক্ত নয়’। বরং আবশ্যক হল - তাকে আল্লাহ তায়ালার ভয় দেখানো। আর যদি এতেও সে বিরত না হয়, তাহলে তাকে শাস্তি প্রদান করা।

স্মরণ রাখুন! যে মুজাহিদদের মাঝে হতাশা ছড়াচ্ছে, তাদেরকে বিভ্রান্ত করছে অথবা তদের মাঝে ঘৃণার বীজ বপন করছে - সে দুশমনের সাহায্যকারী। আশা করুন যে -এদেরকে আল্লাহ তায়ালা সঠিক পথ প্রদর্শন করবেন, অন্যথায় তাদের সর্বনিম্ন শাস্তি হল - মুজাহিদদের কাতার থেকে বের করে দিতে হবে।

## হে ভাইগণ!

বাস্তবতা হল - মুনাফিকরা সর্বদা আপনার সামনে শরয়ী পোশাক পরেই আসবে। সে সর্বদা আপনার প্রতি মুহাব্বত প্রদর্শন করবে এবং এ রাস্তা থেকে আপনাকে সড়িয়ে ফেলার চেষ্টা করবে। সে আপনার সামনে চোখের পানি ফেলে, নিজেকে আপনার অনেক বড় কল্যাণকামী হিসেবে উপস্থাপন করবে। আপনার অন্তরে আপনার ভাইদের প্রতি ঘৃণা জন্মানোর চেষ্টা করে যাবে প্রতিনিয়ত।

## হে আমার নেককার ভাইগণ!

কত নেককার এমন রয়েছেন - যারা অবচেতন ভাবে শত্রুদের কাতারে পৌঁছে গিয়েছে অথচ তার অনুভূতিও তাদের নেই। সানায়ার জেলখানায় আমার সাথে এক কয়েদি ভাই ছিল। সে একদিন আমাকে বলল, “আমি সাথীদের মাঝে মতভেদ এবং বিচ্ছিন্নতার কারণ ছিলাম। তাদের মাঝে ঘৃণা সৃষ্টি করতাম। এখন জেলে আসার পর আমার কাছে স্পষ্ট হয়ে গেছে যে, আমি প্রকৃতপক্ষে সৌদি তথ্য সংগ্রহকারীদের (গোয়েন্দাদের) পরিকল্পনার উপর আমল করছিলাম - অথচ আমি এব্যাপারে জানতামই না।

## হে আমার প্রিয় ভাইগণ!

### সর্বশেষ বিষয় হল - আলেমদের সম্মান করুন! আলেমদের সম্মান করুন!!

এই আলেমগণ হলেন বাতি স্বরুপ। তারা হক্ক ও বাতিলের পার্থক্য নিরূপণকারী। তাদেরকে তাদের প্রাপ্য মর্যাদা দিন, আল্লাহ তায়ালা আপনাদেরকে মর্যাদা দান করবেন। তাদের সম্মান করুন, আল্লাহ আপনাকে সম্মানিত করবেন। তাদেরকে ভালবাসুন, আল্লাহ তায়ালাও আপনাকে ভালবাসবেন। নিজেদের জবানকে তাদের বিরুদ্ধে ব্যবহার করা থেকে বিরত রাখুন। আপনার জবান তাদের বিরুদ্ধে ব্যাবহার কারার পরিবর্তে কেটে ফেলুন। যদি এসমস্ত আলেমদের মধ্য হতে কেউ আপনার ভুল ধরে দেয় - তাহলে মনে করবেন তিনি আপনাকে মুহাব্বত করেন। তার এই ভুল ধরিয়ে দেওয়ার জন্য কৃতজ্ঞতা আদায় করা চাই এবং তার নসিহতের উপর আমল করা চাই। যদি তিনি আপনার ব্যাপারে ভুল অবস্থানেও থাকে তারপরও অসন্তুষ্ট হবেন না।

তাদের সামনে নিজেকে এমন আদব ও সম্মানের সাথে পেশ করবেন যেমনভাবে সন্তান পিতার সামনে নিজেকে পেশ করে। বরং উচিত তো হল তাদের ক্ষেত্রে আরও বেশি আদবের সাথে সামনে আসা। তাদের সাথে পরামর্শ করবেন এবং তাদের নসিহতকে গ্রহণ করে নিবেন। শুধু নিজেদের মতাদর্শে বিশ্বাসী আলেমদের নসিহত নয়, সকল সত্যবাদী আলেমদের নসিহত

গ্রহণ করুন। আমাদের উপর সমস্ত সত্যবাদী উলামায়ে কেরামের হক্ব রয়েছে এবং তাদের উপরও আমাদের হক্ব রয়েছে।

সুতরাং তারা যদি আমাদেরকে নাওয়াজেল(নব আগত কোন বিপদ সম্পর্কে) পথ পদর্শন করেন তাহলে আমাদের উচিত হবে তা খোলা মনে গ্রহণ করা। যদি তারা পরস্পরে মতানৈক্য করেন, তাহলে মনে রেখ - তারা হলেন উলামায়ে কেরাম, তারা মতনৈক্যের ক্ষেত্রে পরস্পরের অধিকার সম্পর্কে জানেন। আমাদের উচিত তাদের সাথে চাচা অথবা মামাদের ন্যায় আচরন করা। যদি তারা পরস্পরে মতপার্থক্য করেন তাহলেও আমরা তাদের সকলকে সম্মান করি। আমরা তাদের সামনে এটা প্রকাশ করি না যে, তাদের মধ্যকার মতপার্থক্যের মাসআলা আমাদের জানা আছে। নিজেদের চাচা এবং মামাদের মাঝে ঝগড়া মিটিয়ে একতা তৈরির চেষ্টাকারী বুদ্ধিমান। কিন্তু যে তাদের মাঝে মতানৈক্যের পালে হাওয়া দেয় সে বদনসীবের অধিকারী এবং বেওকুফ।

## রনাঙ্গনের উলামা ও মাশায়েখগণের প্রতি বার্তা।

(কবিতাগুলোর সাদামাটা অনুবাদ)
তোমাকে মহব্বতকারীর দ্বারা তোমার প্রতি আল্লাহ নিরাপত্তা প্রেরণ করেন,
এটা মনে করে যে, তুমি প্রশংসা এবং গুণগানের যোগ্য।
কারো প্রশংসা করা একটি কঠিন কাজ,
কিন্তু তোমার প্রশংসা করতে চাইলে এটা সহজ।
তোমার দ্বীন হল খোদাভীতি আর তোমার পথ হল হেদায়েতের পথ,
তোমার কাজ হল নসিহত আর তোমার নৈকট্য হল বিশাল সম্পদ।

## হে আমার প্রিয় ভাইগণ!

আপনি জানেন যে, আল্লাহর রাহে জিহাদ করা একটি বড় ফরজ বিধান। এর ফলাফল একটি অপরটির সাথে মিলিত। এর শুরু শেষকে পরিপূর্ণ করে এবং একে অপর থেকে উপকৃত হয়। এর সকল পর্ব কমলার মত মিলে আছে। নিঃসন্দেহে আল্লাহ তায়ালা মুত্তকীদের জন্য উত্তম পরিণাম রেখেছেন।

মুজাহিদগণের উপর অনেক ধরণের বিপদ-আপদ এসে থাকে। কখনো তা জাতিগত হয়ে থাকে, কখনো আবার তারা দুর্বলতার শিকার হয়ে থাকে। সর্বাবস্থার জন্য আল্লাহ তায়ালার নিজস্ব কৌশল রয়েছে। দূর্বলতার সময় করণীয় সম্পর্কে তার বিধান রয়েছে এবং শক্তিশালী ও কর্তৃত্বের সময়েরও বিধানাবলী রয়েছে। আল্লাহ তায়ালা তার বান্দাদেরকে সর্বকালে, সর্বস্থানে (দুর্বলতম অবস্থায় এবং সুদৃঢ় অবস্থায়) তার পবিত্র শরিয়ত দ্বারা পরিচালিত করেন। এটা আল্লাহ তায়ালার মেহেরবানী এবং রহমত যে, সব কিছু ঐ মহান ও সকল বিষয়ে সক্ষম সত্তার কুদরাত এবং সর্বজ্ঞানী প্রভুর ইলম অনুযায়ী হয়ে থাকে। নিঃসন্দেহে আল্লাহ কৌশলী এবং সকল বিষয়ে সম্যক অবগত।

## জেনে রাখুন!

আল্লাহ আপনাদের উপর দয়া করুন। দুশমনদের বিরুদ্ধে সকল মুজাহিদ, বরং সকল মুসলমানদেরকে এক কাতার বন্দী করে দাড় করানো সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। মুমিনদের সামনে নিজ কাঁধকে ঝুকানোর জন্য আল্লাহ তায়ালা আদেশ দিয়েছেন। সুতরাং মাসআলার ক্ষেত্রে কঠিন মাসআলা খুঁজবেন না। এরুপ করলে আপনি আপনার ভাইদেরকে বঞ্চিত করে ফেলবেন এবং তাদের জন্য (শরিয়তে) বিদ্যমান প্রশস্ততাকে সঙ্কীর্ণতায় পরিবর্তন করে ফেলবেন।

## স্মরণ রাখবেন!

যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্য দুটি পথের মধ্যে কোন একটি পছন্দ করার ইখতিয়ার দেয়া হত তখন তিনি অধিক সহজ পথকে অবলম্বন করতেন। তবে এ শর্তে যে, তা কোন গুনাহ বা আত্মীয়তার বন্ধন ছিন্ন করার বিষয় হতে পারবে না। আপনি নিজের উপর এবং নিজ অধীনস্তদের উপর এমন কোন বোঝা চাপিয়ে দিবেন না যা উঠানো সম্ভব নয়। যখনই আপনি নিজের জন্য এমন প্রশস্ততা পেয়ে যান যার ব্যাপারে শরিয়তের দলিল রয়েছে তখন তার দিকে ছুটে যান। এবং দলিলের উপর ভিত্তি করে ভয় পাবেননা। কিন্তু যদি সে বিষয়টি সুস্পষ্টভাবে নিষিদ্ধ হয় অথবা তার বাতিল হওয়াটা চাক্ষুস হয় তাহলে সর্বদা তার থেকে দূরে থাকবে।

## হে আমার প্রিয় ভাইগণ!

নিঃসন্দেহে আপনারা পর্যায়ক্রমে একেরপর এক বিপদাপদ অতিক্রম করছেন। একটি বিষয়ের ফয়সালা করে শেষ করতে না করতেই আরেকটি সমস্যা সামনে চলে আসে। হয়তো কোন একটি বিষয় পরিপূর্ণ হয়নি তার আগেই অবস্থা পরিবর্তন হয়ে যায়, একারণে আবার নতুন করে প্রথম থেকে শুরু করতে হয়। আপনি একটি ধারাবাহিক পরিবর্তনশীল অবস্থার মধ্য দিয়ে যাচ্ছেন। এমতাবস্থায় আপনাদের জন্য আবশ্যক হল – 'পরস্পর ক্ষমার আচরন করা'। যদি কোন আলেম ইজতিহাদের দ্বারা কোন বিশেষ বিষয়ে আটকে যান তাহলে তার প্রতি কঠোরতা করবেন না। আল্লাহ তায়ালা আমাদের জন্য সহজতাকে পছন্দ করেন। ঐ মহাশক্তিশালী

সত্ত্বা কখনো চাননা যে, আমরা কঠোরতা এবং সঙ্কীর্ণতায় জড়িয়ে পরি।

আমার প্রিয় মুহতারাম!

আপনারা জানেন যখন কষ্ট এবং সঙ্কীর্ণতা আসে, তখন সে তার সাথে আপনাদের জন্য সহজতাকেও নিয়ে আসে। আপনারা আরো জানেন, অক্ষম অবস্থায় বিধি-বিধান নিজের মতো চলবে না।

মুহতারাম বুজুর্গ ভাইগণ!

শরয়ী মাসআলায় ইখতিলাফ ও ঝগড়া করা থেকে বেঁচে থাকুন। যদি আপনারা সকলে কোন 'মারজুহ' তথা 'অনুত্তম হুকুমে'র উপর আমল করতে পারেন এবং এমতাবস্থায় আপনাদের মাঝে ঐক্য এবং মুহাব্বত থাকে - তাহলে এটা এর থেকে অনেক উত্তম যে, আপনারা কোন 'রাজেহ' তথা 'উত্তম অভিমতে'র উপর আমল করলেন কিন্তু অন্তরগুলোর মাঝে ঘৃণা ভরপুর। আপনাদের স্মরণে থাকার কথা - মুসলমানরা সেদিন কি কঠিন অবস্থা অতিক্রম করেছিল যখন শত্রুরা তাদের ঘরের দরজায় দাড়ানো ছিল অথচ তারা পবিত্রতার কিছু বিধি- বিধান নিয়ে তর্ক-বিতর্ক করছিল। পবিত্রতার বিধি-বিধানও দ্বীনের অংশ। কিন্তু এটা কি তার সময় ছিল? আক্রমনকারী শত্রুদের প্রতিহত করা ছিল বর্তমান সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ ফরজ। এ ফরজ ছেড়ে দিয়ে অন্য বিষয়ে মনোনিবেশ করার মানে হল গুরুত্বপূর্ণ ফরজ তরক করা।

ইজ্জ ইবনে আব্দুস সালাম এবং অন্যান্য উলামায়ে কেরাম বলেছেন, কেউ এমন এলাকায় গেল যেখানে (মুসলমানদের) রক্ত প্রবাহিত করা হচ্ছে, আর সে ওখানে গিয়েও নামায ও রোজার মাসায়েল (অপ্রয়োজনীয়) আলোচনা করছে তাহলে সে খেয়ানতকারী।

বর্তমানে মুসলিম উম্মাহ এক কঠিন অবস্থা পার করছে। সর্বত্র মুসলমানদের রক্ত প্রবাহিত করা হচ্ছে। এঅবস্থায় যদি কেউ নিজ মুসলিম ভাইদের বিরুদ্ধে ফাতওয়া প্রকাশ করতে থাকে এবং অন্যান্য বিষয়ে (মানুষদেরকে) উস্কানি দিতে থাকে, তাহলে আমাদের ভয় হয় তার উপর ইজ্জ ইবনে আব্দুস সালামের উক্তি বাস্তবায়িত হয়ে যায়।

শরিয়তের আঁচল সঙ্কীর্ণ করা থেকে বেঁচে থাকুন। নিঃসন্দেহে সত্য তাই যাকে শরিয়ত সত্য হিসাবে স্বীকৃতি দিয়েছে অথবা কোন জামাআত শরয়ী দলিলের ভিত্তিতে যাকে সত্য বলেছে। যদি কোন বিষয়ে শরিয়ত ইখতিলাফের অনুমতি দিয়ে থাকে তাহলে তাতে মতের ভিন্নতার কারণে আমাদের একে অপরের প্রতি মন যেন না ভাঙ্গে। হতে পারে কোন মাসআলাতে আপনি ব্যতীত অন্য কারো জন্য সঠিক জায়গা পর্যন্ত পৌছার তাওফিক হয়নি। কিন্তু সে যদি ইলম এবং যোগ্যতার সাথে সত্য পর্যন্ত পৌছতে চেষ্টা করে - তাহলে তাকে মন্দ কিছু বলা উচিত নয়। এমনিভাবে হতে পারে কোন মাসআলাতে সঠিক মত পর্যন্ত পৌছার তাওফিক আল্লাহ তায়ালা আপনাকে দেননি অথচ আপনি এ বিষয়ে অন্যদের উপর সন্তুষ্ট এবং অসন্তুষ্ট হয়ে থাকেন।

হে আমার প্রিয় ভাইগণ!

যদি কেউ আপনার উপর কোন খেদমত অর্পন করে তাহলে এর কারণে আল্লাহ তায়ালার কৃতজ্ঞতা আদায় করুন। এমন যেন না হয় যে, আপনি ঐ কাজে বাড়াবাড়ি করছেন যে কাজে আপনি নিজেই আছেন। আপনি কি এমন ময়দানে থাকবেন যেখানে আপনার প্রয়োজন নাকি এমনস্থানে থাকবেন যেখানে আপনার মন চায়? এখানে আমি আপনার সামনে ইয়ামানে আমার কিছু অভিজ্ঞতার কথা আলোচনা করছি। আশা করি আপনার জন্য তা উপকারী হবে ইনশা আল্লাহ। আমার এ অভিজ্ঞতা আলহামদুলিল্লাহ অনেক ভাল ফল দিয়েছে।

ইয়েমেনের যে এলাকায় আল্লাহ তায়ালা আমাদেরকে কর্তৃত্ব দিয়েছেন, সেখানে আমরা এমন উলামাদের সাথে নিজেদের (শরয়ী) সিদ্ধান্তগুলো নিতাম যারা আমাদেরকে খারেজি মনে করত। আমরা আমাদের ব্যাপারে তাদের এ মতের কারণে তাদেরকে সম্মান করা ছেড়ে দেইনি। আর না তাদের এ মত আমাদেরকে তাদের দ্বারা ফয়সালা করাতে বাঁধা হয়েছে। কয়েকবার এমন হয়েছিল যে, আমাদের কোন সাথী ঐ সকল বিচারক দ্বারা নিজের বিষয়াবলীর সমাধান করিয়েছে - অতঃপর যখন সে তার ঐ বিষয়গুলোই নিজেদের বিচারকের সামনে পেশ করেছে - তখন বিস্তারিত শুনে নিজেদের বিচারক উত্তর দিয়েছেন, "আল্লাহর কসম! যদি তুমি এর বিচার আমার সামনে পেশ করতে, তাহলে আমিও এই সিদ্ধান্তই দিতাম যা ঐ বিচারক দিয়েছেন।"

সুতরাং মুহতারাম ভাই!

যদি কোন আলেম আপনার আদালতে আপনাকে সহযোগিতা করে - তাহলে আল্লাহর কসম! এটা কৃতজ্ঞতা আদায় করার মত যোগ্য নিয়ামত। সুতরাং তাকে শত কৃতজ্ঞতার সাথে গ্রহণ করা উচিত। আবইয়ান, শিবওয়াহ, বায়দা, মাকিল্লা এবং সাহেলের মত নেতৃত্বের মাঝে থেকেও আমরা (নিজেদের জামাআত থেকে সরে গিয়ে অন্যদের) দ্বীনি জামাতের বিচারকদের কাছেও যেতাম। এমনকি ঐসকল দলের বিচারকদের নিকটও যেতাম যারা আমাদেরকে বিদআতি বলে। আমরা তাদেরকে বলতাম যে, "আমরা আপনাদের ইলমে শরয়ীর উপর আস্থাশীল। সুতরাং আমরা শরয়ী বিষয়ে সম্মনয়

করা এবং আপনাদের মাঝে কখনো বাঁধা হয়ে দাড়াবো না(অর্থাৎ আপনি আমাদের সাথে মতানৈক্য করার পরও যদি শরয়ী সমধান করেন তাহলে আমরা তাদের বিরোধী হবনা বরং সাহায্যকারী হব)। আমরা তাদেরকে বলব - এটা মারকাজ, এটা আদালত। সেখানে যেতে হবে এবং সে ইলমে শরয়ীর ভিত্তি করে লোকদের মাঝে ফয়সালা করতে হবে যা আল্লাহ তায়ালা আপনাকে দান করেছেন। আমরা তাদের বৈশিষ্ট্যগুলোকে একত্রিত করি, আমরা তাদের সাহস বৃদ্ধি করে থাকি এবং তাদেরকে সম্মান করি। আমরা আমাদের বিচারকদের যতটুকু সুবিধা দেই তাদেরকে আরো কয়েকগুণ বেশি সুবিধা দিয়ে থাকি। আল্লাহর শপথ (এর ফলাফল এই হয়েছে) আমরা না কখনো তাদের থেকে আমাদের সাথীদের ব্যাপারে কোন অভিযোগ শুনেছি আর না তারা আমাদের বিচারকদের ব্যাপারে কোন আভিযোগ করেছে। আলহামদুলিল্লাহ তাদের সাথে আমাদের ভাল সম্পর্ক রয়েছে (অথচ তারা আমাদের দলের নয়)। আর বর্তমানেও আমরা কিছু বিষয়ে এবং নতুন সমস্যায় তাদের থেকে নির্দেশিকা নেই।

### হে আমার প্রিয় ভাইগণ!

ইখতিলাফি মাসআলাতে আজ উম্মত হাবুডুবু খাচ্ছে। এর দ্বারা অন্তর নষ্ট হয়। আর আপনি যদি ইখতিলাফের পাশাপাশি আত্মরক্ষামূলক জিহাদ থেকে দূরে থাকেন তবে শত্রুরা আপনার দরজায় এসে দাঁড়িয়ে থাকবে। যদি কেউ নিজের অভিমতের উপর বাড়াবাড়ি করে তাহলে তাকে এমন ভাবে ছেড়ে দিন যে, হতে পারে তার সাথেই সত্য রয়েছে।
ইখতিলাফ খারাপ তবে কখনো কখনো ইখতিলাফ ব্যতীরেকে উপায় থাকেনা। কখনো এমন মাসআলা সামনে আসে যাতে ইখতিলাফ করা আবশ্যক হয়ে যায়। তখন মতানৈক্য প্রকাশ করা এবং তা প্রচার করা ঠিক না। যদি এটা প্রসিদ্ধ হয় তাহলে তাতে জ্ঞানী এবং মূর্খ সকলেই অভিমত দেয়। এমন লোকও তাতে অংশগ্রহণ করে যাদের আসল উদ্দেশ্যই হয়ে থাকে খারাপ। এর দ্বারা দুশমনও সুযোগ পেয়ে যায় এবং তারা অভ্যন্তরীণ বিশৃংখলার আগুন বাড়িয়ে দেয়।

### হে আমার ভাইয়েরা!

আল্লাহর জন্য ইন্টারনেট থেকে দূরে থাকুন। আফসোস "ইন্টারনেট কতইনা বিপদজনক" এটা যদি আমরা সকলে বুঝতাম! এ নেটের জগতে এবং এ নেটের কারণে আমাদের কত বড় বড় আলেমগণের উপর কাদা ছিটানো হয়েছে, এর দ্বারা আমাদের ভাইদের যে কত ক্ষতি হয়েছে এবং এর কারণেই কত ভাল লোক খারাপ হয়ে গেছে তার কোন ইয়াত্তা নেই। এ নেট আমাদের কত যে গোপন ভেদকে প্রকাশ করে দিয়েছে এবং এ নেট যে শত্রুদেরকে কত সুযোগ করে দিয়েছে তা বলে শেষ হবার নয়। এটা এসে আমাদের মাঝে বসে আমাদের মাঝে বিশৃংখলা ছড়িয়েছে। আল্লাহর শপথ! এ নেটের ক্ষতি অনেক অনেক এবং অনেক বেশি। আল্লাহ তায়ালা ঐ ব্যক্তির উপর সন্তুষ্ট যে 'ইন্টারনেট'কে পরিত্যাগ করেছে। আর বাস্তবতা হল - যে আল্লাহ তায়ালার জন্য কোন জিনিস পরিত্যাগ করে, আল্লাহ তায়ালা তাকে এর থেকে উত্তম প্রতিদান দান করেন।

### সর্বশেষ বলব

### হে শামের প্রিয় ভাইয়েরা!

আল্লাহ তায়ালার ওয়াদা, তার দয়া অনুগ্রহের উপর বিশ্বাস রাখুন এবং আল্লাহর প্রতি আশা রাখুন। আল্লাহ তায়ালার রজ্জু মজবুত ভাবে আঁকড়ে ধরে রাখুন। তিনি ব্যতীত আর অন্য কারো দিকে কখনো দেখবেন না। আপনাদের মাঝে এবং আল্লাহ তায়ালার সাহায্যের মাঝে শুধু আল্লাহর আদেশের পর্দা রয়েছে। যখনই তিনি আদেশ করবেন তখনই আল্লাহ তায়ালার রহমত অবতীর্ণ হবে। তিনি সবকিছুর উপর সক্ষম।

আপনাদেরকে আল্লাহর কাছে সোপর্দ করলাম। সে আল্লাহর কাছে সোপর্দ করছি, যিনি অর্পিত জিনিসকে কখনো নষ্ট করেন না।

হে আল্লাহ! আপনার শামের অধিবাসীদেরকে আমরা আপনারই কাছে সোপর্দ করছি।

হে আল্লাহ! আপনি তাদের হেফাজত করুন এবং তাদেরকে সাহায্য করুন।

হে আল্লাহ! আামরা তাদেরকে তাদের পরিবার, সম্পদ এবং তাদের সন্তানদেরকে সহ আপনার কাছে সোপর্দ করছি। তাদের দ্বীন, তাদের আমানতসমূহ এবং আমলের পরিনতি আমরা আপনার নিকট সোপর্দ করছি।

হে আল্লাহ! তাদেরকে মুসীবতগুলো দ্রুত শেষ করে দিন, তাদেরকে আপনার সাহায্য দেখান।

হে আল্লাহ! তাদেরকে সকল চিন্তা এবং পেরেশানী থেকে মুক্তি দান করুন, তাদের সকল সঙ্কীর্ণতাকে প্রশস্ততায় রুপান্তরিত করে দিন, এবং তাদের সকল বিপদকে নিরাপত্তায় পরিবর্তন করে দিন।

হে আল্লাহ! আমরা আপনার উপর ভরসা করি এবং আপনার দিকে প্রত্যাবর্তন করি।

হে আমাদের প্রভু! আমাদেরকে জালেম সম্প্রদায়ের জন্য ফেতনার বা পরীক্ষার কারণ বানিয়েন না।

হে দয়াময়! আমাদের প্রতি দয়া করুন।

# মুসলিম বিশ্বের
## গণতন্ত্রপন্থী শাসকদের ব্যাপারে
# আমাদের আকিদা

শাইখ আসিম আল মাকদিসি হাফিজাহুল্লাহ।
অনুবাদ: আবু আবদুর রাহমান

হে আমাদের ভাইয়েরা!

আপনারা যারা আমাদেরকে নিয়ে ভাবেন ও স্মরণ করেন তাদের উদ্দেশে আমাদের কিছু কথা বলার আছে। আপনারা জানেন যে, আমাদের শ্লোগান ও আদর্শ হল: সর্বপ্রথম তাওহীদ ও সর্বদা তাওহীদ। অন্যদিকে আপনারা দেখতে পাবেন যে মুরসী, এরদোগান, হামাস ও এদের মত অনেকে 'গণতন্ত্র'কে আদর্শ হিসাবে গ্রহণ করেছে। এর মাধ্যমে তারা নিজেরা পথভ্রষ্ট হয়েছে, মানুষকেও পথভ্রষ্ট ও বিভ্রান্ত করেছে। তাদের ক্ষেত্রে আমাদের অবস্থান দেখে আসলে আশ্চর্য হবার কিছু নেই। কারণ আদর্শিকতার দিক থেকে তাদের অবস্থান আমাদের অবস্থানের বিপরীতমুখী।

আদর্শিকতার ক্ষেত্রে তাদের ব্যাপারে আমাদের অবস্থান জানানোর ব্যাপারে আমরা কখনোই সংকোচবোধ করি না। কারণ আমাদের মূল লক্ষ্য আল্লাহকে সন্তুষ্ট করা। তাঁকে সন্তুষ্ট করার পথে যে কোন মানুষের অসন্তুষ্টি মেনে নিতে আমরা প্রস্তুত আছি।

আমরা এই সকল গণতন্ত্র পূজারিদের ভালবাসি না, এদেরকে ভালবাসা বৈধ বলেও স্বীকার করি না। আমরা মনে করি যারা এই সকল গণতন্ত্র পূজারিদের ভালবাসে তাদের ওয়ালা-বারা এর মাপকাঠিতে ত্রুটি রয়েছে। আমাদের মতে অবশ্যই ভালবাসা ও ঘৃণার একমাত্র মাপকাঠি হবে তাওহীদ।

এই গণতন্ত্র পূজারিরা মারা গেলে আমরা তাদের জন্য রহমতের দোয়া করি না এবং কাউকে দোয়া করার জন্য আহবানও জানাই না। কারণ তাদের বিদআতটা 'বিদআতে মুকাফফিরাহ' (কাফেরে পরিণতকারী বিদআত)। কেউ যদি তাদেরকে কাফের আখ্যায়িত নাও করেন তবুও তাদের ক্ষেত্রে এটা জায়েয আছে যে, এ ধরণের লোকদের জানাযার নামাযে অংশগ্রহণ না করে এবং তাদের জন্য রহমতের দোয়া না করার মাধ্যমে লোকদেরকে যুগের এমন ভয়াবহ বিদআতের ব্যাপারে সতর্ক করবেন।

যারা তাওহীদ মানেন ও এর ঘোষণা দানকে মানবীয় আবেগ ও মানুষের সন্তুষ্টির আকাঙ্ক্ষা থেকে মুক্ত করতে পারেন একমাত্র তারাই এই সাহসিকতা প্রদর্শন করতে পারেন। আর যারা তাল মিলানো, মানিয়ে চলা ও নমনীয়তা নীতির উপর চলেন তাদের পক্ষে এমন সত্য আচরণ প্রদর্শন সম্ভব হয়ে উঠে না। আর এভাবেই মানিয়ে চলা

ও নমনীয়তার ঢেউয়ের মাঝে হারিয়ে গেছেন এই যুগের অনেক শায়খ।

আমরা জানি আমাদের কথাগুলো অনেকেই পছন্দ করেননা। তাদেরকে আমি স্মরণ করিয়ে দিচ্ছি যে: কেউ ঋণ রেখে বা আত্মসাৎ করে মারা যাওয়ার পর অথবা এজাতীয় কবীরা গুনাহ নিয়ে মারা যাওয়ার কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের উপর জানাযার নামায পড়েননি। যদিও রাসূলুল্লাহ তার সাহাবীগণকে এর অনুমতি দিয়েছেন।

একারণে আমরা গণতন্ত্রপন্থীদের জানাযার নামাজ পড়তে বাধা দেই না। কিন্তু যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কবীরা গুনাহের কারণে জানাযার নামাজ না পড়ে, এর মাধ্যমে সাহাবিগণকে সতর্ক করলেন, তখন যারা গণতন্ত্রের মত বিদআতে মুকাফফিরাহ গ্রহণের মাধ্যমে পথভ্রষ্ট হয়েছে এবং তাদের অনেক অনুসারীদেরকে পথভ্রষ্ট করছে, তাদের ক্ষেত্রে আচরণটা কেমন হতে পারে? যারা গণতন্ত্রের বিধি-বিধানের দিকে মানুষকে আহ্বান করছে এবং ঘোষণা দিচ্ছে যে, বিচারের ক্ষমতা জনগণের-ভোটের-শাসকের; এমনকি পদচ্যুত ও কারারুদ্ধ হবার পরও একই কথা বলছে, তাদের ক্ষেত্রে আচরণটা কেমন হতে পারে?!

এজন্যই আমরা তাদের জন্য রহমতের দোয়া করি না। এখন আপনারাই একবার ভেবে দেখুন তাদের অপরাধের বিনিময়ে আমরা যে প্রতিক্রিয়া দেখাচ্ছি তাতে কি কোন আলেম বা বুঝমান ব্যক্তি আশ্চর্যবোধ করতে পারে? আপনারাই একবার ভেবে দেখুন এরপরও কেউ কি তাদের প্রতি রহমতের দোয়ার সাথে সাথে তাদের ভূয়সী প্রশংসা করতে পারে? তাদের প্রতি ভালবাসা প্রকাশ করতে পারে? আর গণতন্ত্রপন্থীরা এভাবে বারবার ইচ্ছায়-অনিচ্ছায় তার পুরাতন নীতির দিকেই ফিরে গিয়ে গণতন্ত্র ও তাদের নীতিসমূহের গায়ে প্রলেপ লাগানোর কাজে অংশগ্রহণ করতে পারে?

আমরা এই ধরনের শাসকদের বিদআত ও পথভ্রষ্টকারী নীতি থেকে সম্পূর্ণ মুক্ত। আমাদের এই সম্পর্ক-মুক্তি প্রকাশ করার জন্য আমরা তাদের প্রতি রহমতের দোয়া করি না। আমরা মনে করি আমাদের এই দোয়া না করা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক কতিপয় কবীরা গুনাহকারীর উপর জানাযার নামায না পড়া থেকেও অধিক গুরুত্বপূর্ণ। তবে অনেক উলামায়ে কেরামই এদের জানাযা পড়ানোকে জায়েয সাব্যস্ত করেছেন। আবার কোন কোন আলেম অনুসরণীয় ও সম্মানিত ব্যক্তিদের জন্য এমন লোকের জানাযার নামায থেকে বিরত থাকাকে ওয়াজিব সাব্যস্ত করেছেন।

## হে যুবক ভাই!

কেউ কেউ আপনার বিরুদ্ধে প্রমাণ পেশ করতে পারে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তো নাজ্জাসির জানাযা পড়েছেন। তার উত্তরে আপনি বলুন: নাজ্জাসির সময়ে, যখন শরিয়ত পরিপূর্ণ হয়নি, তখন তার উপর সর্বোচ্চ হুকুম হিসাবে যা আবশ্যক ছিল, তা হল: 'তাওহীদ মেনে নেওয়া এবং তার অনুসারীদেরকে সাহায্য করা'। তো নাজ্জাসি তাওহীদ মেনে নিয়েছিলেন এবং তার অনুসারীদেরকে সাহায্যও করেছিলেন। তাদেরকে তাদের শত্রুদের হাতে সোপর্দ করেননি বা কারারুদ্ধ করেননি। নাজাশী তাওহীদের অনুসারীদেরকে ছেড়ে দেন এবং তাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হননি। যেমনটা উপরোল্লিখিত শাসকরা তাওহীদের সাহায্যকারী মুজাহিদদের সাথে করেছে। এই গণতন্ত্র পন্থীদের জীবনীতে এমন অপরাধের অসংখ্য উদাহরণ রয়েছে। সেগুলো এখানে উল্লেখ করা বা জমা করতে যাওয়া, স্পষ্ট বিষয়কে আরও স্পষ্ট করার মত।

এ সকল শাসকরা কুফরী বিশ্বকে সন্তুষ্ট করার জন্য, তাদের নৈকট্য অর্জন ও লেজুড়বৃত্তি করার জন্য কথিত সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়েছে। অথচ তারা যেটাকে সন্ত্রাসবাদ বলছে ইসলাম সেটাকে বলছে জিহাদ। তারা এবং তাদের দল গণতান্ত্রিক নীতি গ্রহণ করে নিজেরাও পথভ্রষ্ট হয়েছে, অন্যদেরকেও পথভ্রষ্ট করেছে।

তাদের ক্ষেত্রে আমাদের অবস্থান এবং তাদের বিদআত থেকে আমাদের সম্পর্কমুক্তি মূলত তাওহীদের সাথে সম্পর্কিত। তবে মাদখালী ও তাগুতদের সাথে বন্ধুত্বকারী সরকারী আলেমরা যে হিসাবে তাদের থেকে

সম্পর্ক ছিন্ন করে ও শত্রুতা করে, সে হিসাবে নয়। বরং এ সকল মাদখালী সরকারী আলেমরা তো আরো অধিক নিকৃষ্ট ও পথভ্রষ্ট।

যখন তাগুতদের সাহায্যপ্রাপ্ত গ্রুপগুলোর নেতারা মারা গিয়েছিল, সে সময় আমাদের একটি ভূমিকা ও দৃঢ় অবস্থানের ঘটনা আপনাদেরকে স্মরণ করিয়ে দিচ্ছি: ঐ সকল নেতারা মানুষকে প্রতিশ্রুতি দিত যে, বাশারের পতনের পর জনগণ যাকে চাইবে, তারা তাকেই মেনে নিবে। একারণে তারা মারা যাওয়ার পর আমরা তাদের জন্য রহমতের দোয়াও করিনি। যখন জনৈক মূর্খ লোক আমাকে এর জন্য লজ্জা দিতে চাইল তখন আমি তাকে যা বলেছিলাম, তার সারসংক্ষেপ হল: আবেগী অবস্থান কখনো কখনো সুদৃঢ় বিশুদ্ধ আকিদার অধিকারী ব্যক্তির পথকেও পরিবর্তন বা সংশয়যুক্ত করতে পারে। কিন্তু যার সর্বপ্রথম মাপকাঠি হল তাওহীদ, আল্লাহ চাইলে তাকে তার পথ থেকে কেউ সরাতে পারে না।

সুতরাং যার মাপকাঠি তাওহীদ, সে আপন পথেই অটল থাকে। এটা ফিকহ থেকে উৎসারিত একটি গুরুত্বপূর্ণ মূলনীতি এবং তাওহীদের মজবুত হাতলের সামঞ্জস্যশীল।

শেষ করার পূর্বে স্মরণ করিয়ে দিতে চাই যে, আমরা সর্বদা বলে আসছি যে - মুরসী, এরদোগান, হামাস ও এজাতীয় দল ও ব্যক্তিগণ আমাদের নিকট বিশ্বাসঘাতক অপরাধী তাগুতদের থেকে উত্তম। বরং তাদের জুতাও এ সকল বিশ্বাসঘাতক তাগুত চোরদের থেকে উত্তম। কিন্তু নবীর ওয়ারিশ ও তাওহীদের সাহায্যকারীগণের কাজ এটা নয় যে, তারা জুতাসমূহের প্রাধান্যতা নির্ণয় করতে যাবেন।

এই সকল গণতন্ত্র পন্থীদের একদল মুগ্ধ প্রেমিক আছে। তারা এই শাসকদের সকল কাজেই বিস্তর নেকি দেখতে পান। এই প্রেমিকেরা জনগণের কাছে তাদের শাসকদের গুণ ও নেকির ভূয়সী প্রশংসা করে তাদেরকে আলোকিত করার কাজে সদাব্যস্ত। তবুও নবীর ওয়ারিশ ও তাওহীদের সাহায্যকারীগণের জন্য এটা শোভনীয় নয় যে তারা ঐ সকল শাসকদের কুফরীর গায়ে পট্টি লাগানোর চেষ্টা করবেন, যারা আল্লাহর শরিয়ত অনুযায়ী শাসন করে না।

এগুলো হল ঐ সকল লোকদের কাজ, যারা স্রোতের সাথে ভেসে চলে এবং দর্শক ও শ্রোতারা যেটা শুনতে চায়, সেটাই বলে থাকে। তাল মিলানো ও মানিয়ে চলার নীতি অবলম্বন করার কারণে একসময় তারা তিক্ত বাস্তবতার সাথে মিলিয়ে যায়।

পক্ষান্তরে এ ধরণের ঘটনায় আমাদের কর্মপন্থা এমন যে: আমরা মানুষকে বলি: গণতন্ত্র ও তার সাথে সম্পর্কিত অন্যান্য মতবাদগুলো তাওহীদ ও জিহাদের সাথে পরিপূর্ণ সাংঘর্ষিক। আর যে তাওহীদের সাথে সাংঘর্ষিক বিষয়ের উপর প্রলেপ দিয়ে মানুষকে পথভ্রষ্ট করে, আমরা তার প্রতিবাদ করি, তার ব্যাপারে সকলকে সতর্ক করি এবং তার নীতি থেকে সম্পর্কমুক্তির ঘোষণা করি - চাই সে যেই হোক না কেন।

তার বিপদ, কারাবরণ বা মৃত্যু আমাদেরকে এই সতর্কীকরণ থেকে এবং তাওহীদের শক্ত ভিত্তি থেকে কিছুতেই সরাতে পারবে না। সমগ্র বিশ্বের বিরোধীতাও আমাদেরকে আমাদের এই অবস্থান থেকে নড়াতে পারবে না ইনশাআল্লাহ। স্রোতের বিরুদ্ধে সাতার কাটা, নিন্দাকারীদের নিন্দা ও সমালোচনাকারীদের সমালোচনা আমাদেরকে ফিরিয়ে রাখতে পারবে না ইনশাআল্লাহ।

তবে অন্যান্য যে সকল তাগুত ও জবরদখলকারী শাসকগোষ্ঠী তাওহীদ ও তার অনুসারীদের বিরুদ্ধে যুদ্ধ করে, তাদের ব্যাপারে আমাদের প্রতিবাদ আরো কঠোর। তাদের থেকে আমাদের সম্পর্কোচ্ছেদ আরো বেশি তীব্র আকারের। তাদের প্রতি আমাদের ঘৃণা আরো বেশি প্রচণ্ড এবং তাদের ব্যাপারে সতর্কবাণী আরো ভয়াবহ। মুরসী, এরদোগান, হামাস ও এজাতীয় লোকদের ব্যাপারে আমাদের এই অবস্থানের কারণে কোন ধারণাকারী যেন এই ধারণা না করে যে - আমরা তাদেরকে শত্রু তাগুতদের সাথে এক কাতারে মাপি। আমরা এমন করা থেকে আল্লাহর পানাহ চাই। বরং আমরা শুরুতে-শেষে, সর্বদা এবং স্থায়ীভাবে তাওহীদের সাথে আছি।

আল্লাহই আমাদের দায়িত্বশীল। তিনি আমাদের অভিভাবক ও উত্তম কর্মনির্বাহী।

# কন্টকময় পথে, গন্তব্যের খোঁজে।

মুহতারামাহ আমেরাহ ইহসান সাহেবা
অনুবাদ: মুহাম্মাদ মেহেদি হাসান

বিসমিল্লাহির রাহমানির রাহীম

কাশ্মীর। শান্ত-স্বাভাবিক দুনিয়া থেকে বিচ্ছিন্ন দুর্ভিক্ষ কবলিত একটি কারাগার। চলছে কারফিউ। রাত না হতেই বাড়ি-ঘরে শুরু হয় সৈন্যদের তান্ডব। নারী নির্যাতন সেখানে ভয়াবহ রূপ ধারণ করেছে - যার বহু তথ্য ইতিমধ্যে বহু সংবাদ মাধ্যমে প্রচারিত হয়েছে। হাজার-হাজার যুবককে বন্দী করা হয়েছে। সীমানা বেষ্টনীর মর্যাদা ক্ষুণ্ণ করা হয়েছে। শিশুদের ঔষধ ও পানাহার বঞ্চিত করা হচ্ছে। আর এই বিষয়টি নিয়ে বিশ্ব মোড়লরা শুধু বিবৃতি দিয়েই ক্ষ্যান্ত।

ইরাকের উপর অর্থনৈতিক অবরোধকালীন সময়ে খাদ্য ও ঔষধ সরবরাহে ব্যর্থতার ফলে ৬ লাখ শিশুর মৃত্যুকে যারা ঠান্ডা মাথায় হজম করেছে - তাদের হজম শক্তি বর্তমানে বহুগুণ মজবুত হয়েছে। পরিস্থিতি যখন এমন ঘোলাটে ঠিক তখনি - কাশ্মীরের এই করুণ দশা সৃষ্টিকারী এবং মুসলিম নারীদের প্রতি নগ্ন হস্তক্ষেপকারী নরাধম 'নরেন্দ্র মোদী'কে - সংযুক্ত আরব আমিরাত তাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত করেছে। লক্ষ্য করুন -

গত চার বছরে দুবাইয়ে এটি ছিল মোদীর তৃতীয় সফর। জানা যায় - গত বাহরাইন সফরে (২৪-২৫ আগষ্ট) মোদী সেখানে নতুন একটি মন্দির নির্মাণ শুরু করছে। এ হল সেই মোদী যে, কাশ্মীরে কুরবানির ঈদ উদযাপন ও পশু কুরবানি বন্ধ করে দিয়েছে। পরপর ৩ জুমা মুসলমানদের অবরুদ্ধ করে রেখেছে। মসজিদে প্রবেশের অনুমতিটুকু পর্যন্ত দেয়নি।

বুর্জ খলিফায় (টাওয়ার) আরোহন করে হয়তো কাশ্মীরের রক্তাক্ত উপত্যকা টেলিস্কোপের মাধ্যমে দেখা সম্ভব। যদি তা না হয় তাহলে মুসলিমদের উচিৎ চাঁদা করে হলেও কাশ্মীরিদের করুন অবস্থা সম্বলিত তথ্য-চিত্র বুর্জ খলিফায় ঝুলিয়ে দেয়া। বর্তমানে মুসলিম বান্ধব খেলাফতের পরিবর্তে যেহেতু মোদী-বান্ধব বুর্জ খলিফা দেখা যাচ্ছে - তাই মোদীর প্রতি যদি সীমাহীন আন্তরিকতার উষ্ণ প্রকাশ দেখা যায় তবে আশ্চর্য হবার কিছু নেই।

আর এসব কারণে হৃদয় পুড়িয়েও হয়তো কোন লাভ নেই। কারণ ইতিমধ্যেই সংযুক্ত আরব আমিরাত এবং ভারতের মাঝে ৬০ মিলিয়ন ডলারের দ্বিপাক্ষিক বানিজ্যিক চুক্তি সম্পন্ন হয়েছে। ৩৩ লাখ ভারতীয় বর্তমানে সেখানে বাস করছে। অন্য দিকে বাহরাইনের সাথেও ১.৩ মিলিয়ন ডলারের বানিজ্যিক চুক্তি সম্পন্ন হচ্ছে।

এ পরিস্থিতিতে কাশ্মিরীদের শুধু একটা কথায় বলার আছে - আপনারা সবরের সাথে অগ্রসর হোন।

ভারতীয় এক পুরোহিতের বক্তব্য মতে- ধর্মীয় উদারতা

এবং সম্প্রীতিই আরব আমিরাতের প্রাণ। তাহলে প্রশ্ন জাগে-ইন্ডিয়ার প্রাণ কি? হিন্দুত্ববাদ? কাশ্মীর থেকে মুসলিমদের জোরপূর্বক বের করে দেয়া?

বস্তুত ভারত দ্বিমুখী আচরণকারী একটি রাষ্ট্র। যাদের নেয়ার পাত্র থেকে দেয়ার পাত্র ভিন্ন। ভারত বর্তমানে সোয়া কোটি কাশ্মীরির উপর জুলুম-নির্যাতনের ষ্টিম রোলার চালাচ্ছে। সোয়া মিলিয়ন মানুষের শেষ আশ্রয় - থাকার জায়গাটুকুর নিরাপত্তা ও বৈশ্বিক শান্তি আজ মোদীর হাতে বিপন্ন।

এ হলো- গুজরাটের কসাই খ্যাত সেই মোদী। চূড়ান্ত স্বেচ্ছাচারিতা এবং সন্ত্রাসী কর্মকান্ড সত্ত্বেও যাকে UN (জাতিসংঘ), সৌদী, মালদ্বীপ, রাশিয়া, আর এখন আরব আমিরাত সহ অন্যান্য রাষ্ট্র বিভিন্ন ধরনের বড়-বড় পুরস্কার এবং সম্মাননায় ভূষিত করেছে। এর মধ্য দিয়ে এ সব দেশ কাশ্মীরিদের রক্তে নিজেদের হাত রঙ্গিন করেছে।

অন্যদিকে ভারতীয় এক হিন্দু কর্ণেল এই অন্যায় রক্তপাতকে স্পষ্টভাষায় অস্বীকার করেছে। তার ভাষ্য হচ্ছে – 'আমরা আমাদের নিজেদের লোকদের কিভাবে হত্যা করতে পারি'? হিন্দু সাংবাদিক ও মানবাধিকার কর্মী অরুন্ধতি রায় খুব জোরালোভাবেই বলেছেন - কাশ্মীরে অর্ধ মিলিয়নের বেশি সৈন্য শুধুমাত্র এ কারণে মোতায়েন করা হয়েছে- যেন (তাদের দাবী অনুসারে) সন্ত্রাসবাদকে ধূলোর সাথে মিশিয়ে দেয়া যায়।

